

## নগরগাটায় পুশবিরোধী অভিযান: ১৩০ কেজি পুশকৃত চিংড়ি জব্দ ও ধ্বংস

ডিজিএফআই ও বাংলাদেশ সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ সহযোগিতা

২৩ অক্টোবর ২০২৫ তারিখে সাতক্ষীরা জেলার তালা উপজেলার নগরগাটা ইউনিয়নে মৎস্য অধিদপ্তরের উদ্যোগে এক সফল পুশবিরোধী অভিযান পরিচালিত হয়। অভিযানে প্রায় ১৩০ কেজি পুশকৃত চিংড়ি জব্দ করা হয়।



অভিযানটি পরিচালনা করেন তালা উপজেলার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মো. তারিক ইমাম এর নেতৃত্বে মৎস্য অধিদপ্তরের একটি টিম। অভিযানে উপস্থিত ছিলেন আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ ও স্থানীয় প্রশাসনের প্রতিনিধিরা। পুশবিরোধী এই অভিযানে ডিরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইন্টেলিজেন্স (ডিজিএফআই) এবং বাংলাদেশ সেনাবাহিনী গুরুত্বপূর্ণ সহযোগিতা প্রদান করে।

জব্দকৃত চিংড়ি ও ব্যবহৃত সরঞ্জামাদি জনসম্মুখে আঙুনে পুড়িয়ে ধ্বংস করা হয়। এ সময় স্থানীয় জনগণকে পুশ চিংড়ির ক্ষতিকর প্রভাব ও এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা সম্পর্কে অবহিত করা হয়।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মো. তারিক ইমাম বলেন, “পুশ কার্যক্রম আমাদের মৎস্য সম্পদ ও পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর। এটি দেশের রপ্তানিযোগ্য মানসম্পন্ন চিংড়ি উৎপাদনকে বাধাগ্রস্ত করছে। অবৈধ পুশ কার্যক্রম বন্ধে মৎস্য অধিদপ্তরের অভিযান অব্যাহত থাকবে।”

এ অভিযানের মাধ্যমে তালা উপজেলার নগরগাটা এলাকায় পুশবিরোধী কার্যক্রমে নতুন গতি সঞ্চার হয়েছে। স্থানীয় জনগণ মৎস্য অধিদপ্তরের এ উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এবং ভবিষ্যতেও এ ধরনের অভিযান চালিয়ে যাওয়ার আহ্বান জানান